রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৫, ২০১৭

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাংলাদেশ পুলিশ**

**পুলিশ হেডকোয়ার্টার্স**

**ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/৩১ মে ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১২৩-আইন/২০১৭।**—Police Act, 1861 (Act No. V of 1861) এর section 12 এ প্রদত্ত ক্ষমতাবলে মহা-পুলিশ পরিদর্শক, সরকারের পূর্বানুমোদনক্রমে, শিল্পাঞ্চল পুলিশ ইউনিটের জন্য নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা শিল্পাঞ্চল পুলিশ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "ইউনিট" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত শিল্পাঞ্চল পুলিশ ইউনিট;

(খ) "জেলা" অর্থ Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908) এর section 2 এর clause (4) এ সংজ্ঞায়িত "district";

(গ) "তদন্ত" অর্থ ফৌজদারী কার্যবিধির section 4 এর sub-section (1) এর clause (1) এ সংজ্ঞায়িত 'investigation';

(ঘ) "পুলিশ" অর্থ পুলিশ আইনের section 1 এ ব্যাখ্যায়িত 'Police';

(ঙ) "পুলিশ আইন" অর্থ Police Act, 1861 (Act No. V of 1861);



মূল্য ঃ টাকা ৮.০০

(চ) "পুলিশ রেগুলেশন" অর্থ Police Regalations Bengal, 1943;

(ছ) "ফৌজদারী কার্যবিধি" অর্থ Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898);

(জ) "মহা-পুলিশ পরিদর্শক" ও "উপ মহা-পুলিশ পরিদর্শক" অর্থ পুলিশ আইনের section 4 এ উল্লিখিত Inspector-General of Police এবং Deputy Inspectors-General of Police;

(ঝ) "অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক" অর্থ পুলিশ আইনের section 4A. (1) এ উল্লিখিত Additional Inspector-General of Police;

(ঞ) "শিল্পাঞ্চল" অর্থে যে কোন শিল্প প্রতিষ্ঠান, পণ্য উৎপাদনশীল প্রতিষ্ঠান, কারখানা, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, সরকারি বা বেসরকারি অর্থনৈতিক অঞ্চল, এবং সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে ঘোষিত কোন এলাকাও ইহার অন্তর্ভুক্ত হইবে ; এবং

(ট) "শিল্পাঞ্চল পুলিশ" অর্থ ইউনিটে দায়িত্ব পালনরত কোন পুলিশ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি, ক্ষেত্রমত, আইন বা পুলিশ রেগুলেশনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **শিল্পাঞ্চল পুলিশ ইউনিট গঠন ও উহার অধিক্ষেত্র**।—(১) পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা কর্তৃক বিগত ৩০ মার্চ, ২০১৫ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং-৭০-আইন/২০১৫ এর মাধ্যমে গঠিত শিল্পাঞ্চল পুলিশ ইউনিট।

(২) ইউনিট এর অধিক্ষেত্র হইবে শিল্পাঞ্চল।

৪। **ইউনিট এর ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, ইত্যাদি**।—ইউনিট এর ক্ষেত্রে এই বিধিতে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ বিষয়ে, এই বিধিমালার উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রক্ষা করিয়া, পুলিশ বাহিনীর জন্য প্রযোজ্য ফৌজদারী কার্যবিধির বিধানাবলী, পুলিশ আইন এবং উহার ক্ষমতাবলে জারীকৃত বিধি, প্রবিধান, পুলিশ রেগুলেশন, আদেশ, নির্দেশনা, নীতিমালা, পরিপত্র, অফিস স্মারক বা সরকারি আদেশ প্রযোজ্য হইবে।

৫। **ইউনিট প্রধান**।—অন্যূন অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক পদমর্যাদার কোন পুলিশ হইবেন ইউনিট প্রধান।

৬। **প্রশাসন ও পরিচালনা, ইত্যাদি**।—(১) সরকারের নিয়ন্ত্রণে, মহা-পুলিশ পরিদর্শক এর তত্ত্বাবধানে ইউনিট প্রধানের নেতৃত্বে ইউনিট এর যাবতীয় কার্যক্রম পরিচালিত হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত যাবতীয় কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ইউনিট প্রধান শিল্পাঞ্চল পুলিশ উহার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে সম্পাদন, অনুসরণ, বাস্তবায়ন ও প্রতিপালন করিতেছে কিনা উহা তদারক ও মনিটর করাসহ এতদসংশ্লিষ্ট আনুষঙ্গিক দায়িত্ব পালন করিবেন।

(৩) ইউনিট এর যাবতীয় কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরকার কর্তৃক, সময় সময়, নিয়োজিত বিভিন্ন পদমর্যাদার নির্ধারিত সংখ্যক পুলিশ শিল্পাঞ্চল পুলিশের সদস্য হিসাবে দায়িত্ব ও কর্তব্য পালন করিবেন।

৭। **শিল্পাঞ্চল জোন গঠন, ইত্যাদি**।—সরকার শিল্পাঞ্চলকে বিভিন্ন জোনে বিভক্ত করিতে পারিবে এবং প্রতিটি জোনের কার্যক্রম একজন পুলিশ সুপারের উপর ন্যস্ত থাকিবে।

৮। **শিল্পাঞ্চল পুলিশের বিশেষায়িত শাখা গঠন, ইত্যাদি**।—ইউনিট প্রধান শিল্পাঞ্চল পুলিশের সদস্য সমন্বয়ে বিশেষায়িত শাখা গঠন ও উহার সদস্য সংখ্যা ও কর্মপরিধি নির্ধারণ করিতে পারিবেন।

৯। **শিল্পাঞ্চল পুলিশের দায়িত্ব ও কর্তব্য**।—পুলিশ আইনের সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে শিল্পাঞ্চল পুলিশের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথাঃ—

(১) শিল্পাঞ্চলে উৎপাদন, বিপণন, আমদানি, রপ্তানি, ব্যবসা পরিচালনা এবং শ্রমিকদের কাজের সহায়ক পরিবেশ বজায় রাখিবার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ গ্রহণ;

(২) শিল্পাঞ্চলে বা তদসংলগ্ন এলাকায় শিল্প বিরোধের ফলে বা শিল্পাঞ্চলে শ্রমিক নিয়োগ এবং ছাঁটাই এর ক্ষেত্রে বা কোন প্রতিষ্ঠান লে অফ ঘোষণা করা বা করা হইতে পারে এইরূপ সংবাদ প্রাপ্তির ফলে বা প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে বা অন্য কোন কারণে কোন দাঙ্গা-হাঙ্গামা দেখা দিলে বা এই মর্মে আগাম কোন গোপন তথ্য প্রাপ্ত হইলে উহা নিয়ন্ত্রণ করিবার লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণ;

(৩) শিল্পাঞ্চলে কর্মরত নারী শ্রমিক এবং তাহাদের সহিত অবস্থানরত নাবালক শিশু (যদি থাকে) এর নিরাপত্তা নিশ্চিতকরণ ও গণউপদ্রব প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ;

(৪) শিল্পাঞ্চলে শ্রমিক বা জনসাধারণের মাঝে গুজব, বিদ্বেষ বা সংঘাত সৃষ্টিকারী প্রচারণায় লিপ্ত ব্যক্তি বা গোষ্ঠীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;

(৫) শিল্পাঞ্চলে শ্রমিক, পরামর্শক বা অন্য কোনভাবে নিয়োজিত বা কর্মরত বিদেশি নাগরিকদের—

(ক) নিরাপত্তা প্রদানের লক্ষ্যে বা নিরাপত্তার জন্য হানিকর হইতে পারে এইরূপ কোন পরিস্থিতির উদ্ভব ঘটিলে বা ঘটিবার আশংকা দেখা দিলে উহা প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) ওয়ার্ক পারমিট ভেরিফিকেশন, তাহাদের হালনাগাদ তথ্য সংগ্রহ, সংরক্ষণ এবং সরকার বা সংশ্লিষ্ট থানাকে অবহিতকরণ;

(৬) শিল্পাঞ্চলে অগ্নি প্রতিরোধ, নির্বাপণ এবং অগ্নি হইতে উদ্ধারকার্যের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল সহায়তা প্রদান;

(৭) শিল্পাঞ্চলের আইন শৃঙ্খলা রক্ষা করিবার স্বার্থে শিল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করিয়া (Community engagement) শিল্পাঞ্চলে মালিক ও শ্রমিক বান্ধব (Owner and Worker friendly) পরিবেশ সৃষ্টি করিবার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ;

(৮) সরকার বা মহা-পুলিশ পরিদর্শক কর্তৃক, সময় সময়, অর্পিত দায়িত্ব পালন।

১০। **ইউনিট প্রধান এবং তাহার অধীনস্থ কর্মকর্তাগণের ক্ষমতা**।—ইউনিট প্রধান এবং তাহার অধীনস্থ কর্মকর্তাগণ শিল্পাঞ্চলে দায়িত্ব পালনের ক্ষেত্রে, ফৌজদারী কার্যবিধির বিধান অনুসারে থানার অফিসার ইনচার্জ এর ন্যায় ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

১১। **তদন্ত, ইত্যাদি**।—(১) শিল্পাঞ্চল পুলিশ নিজ অধিক্ষেত্রের মধ্যে শিল্প সংক্রান্ত বিরোধ হইতে উদ্ভূত কোন অপরাধের তদন্ত কার্য নিম্নবর্ণিত পদ্ধতিতে সম্পন্ন করিবে, যথা :—

(ক) অপরাধ সংশ্লিষ্ট ঘটনা সংঘটনের সাথে সাথে অথবা মামলা রুজু হওয়ার ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে প্রাথমিক তথ্য বিবরণীর (F.I.R) অনুলিপি থানার অফিসার ইনচার্জ শিল্পাঞ্চল জোনের পুলিশ সুপারকে প্রদান করিবেন;

(খ) প্রাথমিক Crime Scene Management হইতে মামলা হস্তান্তর হওয়া পর্যন্ত থানা পুলিশ ঘটনাস্থল সংরক্ষণ, প্রাথমিক তদন্ত ও আসামী গ্রেফতার করিবে;

(গ) ইউনিট প্রদান বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পুলিশ কমিশনার বা ক্ষেত্রমত, জেলা পুলিশ সুপারকে শিল্প সংক্রান্ত বিরোধ হইতে উদ্ভূত কোন মামলা হস্তান্তর করিবার অনুরোধ করা হইলে অনতিবিলম্বে পুলিশ কমিশনার বা ক্ষেত্রমত, জেলা পুলিশ সুপার শিল্পাঞ্চল জোনের পুলিশ সুপার এর নিকট তদন্তের জন্য সংশ্লিষ্ট মামলা হস্তান্তর করিবেন;

(ঘ) শিল্পাঞ্চল পুলিশ এর তদন্ত কর্মকর্তাগণ ফৌজদারী কার্যবিধি অনুসারে থানার অফিসার ইনচার্জ এর ন্যায় গ্রেফতার, পুনরায় গ্রেফতার, আটক, তল্লাশী ও জব্দের ক্ষমতাসহ তদন্ত সংশ্লিষ্ট সকল ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন;

(ঙ) শিল্পাঞ্চল পুলিশের নিকট তদন্তাধীন মামলাসমূহের তদন্ত শিল্পাঞ্চল জোনের পুলিশ সুপার সংশ্লিষ্ট আইন অনুযায়ী দ্রুত নিষ্পত্তি করিবার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করিবেন এবং শিল্পাঞ্চল জোনের পুলিশ সুপার মামলার তদন্ত সম্পন্ন করিবার ক্ষেত্রে জেলার পুলিশ সুপারের ন্যায় ক্ষমতা প্রয়োগ করিবেন;

(চ) থানা এবং শিল্পাঞ্চল পুলিশ কর্তৃক একই সময়ে কোন মামলা তদন্তের বিষয়ে জটিলতা দেখা দিলে মহা-পুলিশ পরিদর্শক এর সিদ্ধান্ত চূড়ান্ত মর্মে গণ্য হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, শিল্পাঞ্চল পুলিশ নিজ অধিক্ষেত্রের মধ্যে শিল্প সংক্রান্ত বিরোধ এবং শিল্প সংশ্লিষ্ট অপরাধ ছাড়াও সরকার বা মহা-পুলিশ পরিদর্শক কর্তৃক, সময় সময়, নির্দেশিত যে কোন অপরাধের তদন্ত কার্য পরিচালনা করিতে পারিবে।

(৩) মামলা তদন্ত বিষয়ে শিল্পাঞ্চল পুলিশ, প্রয়োজনে, সিআইডি এবং পিবিআই এর সহযোগিতা গ্রহণ করিতে পারিবেন।

(৪) এই বিধিমালার অধীন সুষ্ঠু তদন্ত কার্য পরিচালনার প্রয়োজনে শিল্পাঞ্চল পুলিশের হাজতখানা, মালখানা ও জিজ্ঞাসাবাদ কক্ষ থাকিবে।

১২। **তদন্ত সম্পন্নের সময়সীমা।**—এই বিধিমালার অধীন কোন তদন্তকারী কর্মকর্তা কোন অপরাধের ক্ষেত্রে অপরাধটি যেই আইনের অন্তর্ভুক্ত সেই আইনে নির্ধারিত সময়সীমার, যদি থাকে, মধ্যে তদন্ত কার্য সম্পন্ন করিবেন।

১৩। **শিল্পাঞ্চল পুলিশ কর্তৃক গ্রেফতার, পলায়ন ও পুনরায় গ্রেফতার, সমন, ক্রোক, তল্লাশি, ইত্যাদি**।—বিধি **১১** এর প্রাসঙ্গিকতাকে ক্ষুণ্ন না করিয়া শিল্পাঞ্চল পুলিশ গ্রেফতার, পলায়ন ও পুনরায় গ্রেফতার, সমন, ক্রোক, তল্লাশি এবং জব্দের ক্ষমতাসহ তদন্ত সংক্রান্ত অন্যান্য কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে, ফৌজদারী কার্যবিধি বা, ক্ষেত্রমত, পুলিশ রেগুলেশন এর সংশ্লিষ্ট বিধান অনুসরণ করিবে।

১৪। **জেলা পুলিশ এবং অন্যান্য ইউনিটের সহিত সমন্বয় ও সহযোগিতা গ্রহণ**।—শিল্পাঞ্চলের আইন শৃঙ্খলা রক্ষা ও মামলার তদন্তের বিষয়ে শিল্পাঞ্চল পুলিশ, প্রয়োজনে, সংশ্লিষ্ট পুলিশ কমিশনার এবং জেলার পুলিশ সুপার এর সহিত যোগাযোগ ও সমন্বয় রক্ষা করিবেন।

১৫। **নজরদারী**।—মেট্রোপলিটন পুলিশ এবং জেলা পুলিশের আওতাধীন এলাকায় অবস্থান বা বসবাস করিতেছে শিল্প সংশ্লিষ্ট এইরূপ কোন অপরাধীর বিষয়ে শিল্পাঞ্চল পুলিশ নজরদারীর (Surveillance) ব্যবস্থা করিতে পারিবেন।

১৬। **বিভিন্ন প্রকৃতির ব্যক্তিসহ সন্দেহজনক ব্যক্তিদের তথ্য সংরক্ষণসহ ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ**।—শিল্পাঞ্চল পুলিশের অধিক্ষেত্রে ভবঘুরে, ছিন্নমূল, ঠিকানাবিহীন, অপ্রকৃতিস্থ ইত্যাদি ধরনের কোন ব্যক্তিকে যে স্থানে দেখা বা পাওয়া যায় বা সন্দেহজনকভাবে ঘোরাঘুরি করিতে দেখা যায় সেক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট তাহাদের তথ্য এবং ইতিবৃত্ত, যতদূর সম্ভব, সংগ্রহক্রমে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে এবং এতদসংশ্লিষ্ট আইনের বিধান অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কার্যালয় বা কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করিবে।

১৭। **রেজিস্টার, সাধারণ ডায়েরী, রেকর্ডপত্র, বিভিন্ন বহি, ইত্যাদি সংরক্ষণ**।—(১) ইউনিট পুলিশ আইন, পুলিশ রেগুলেশন এর বিধান অনুসারে বিভিন্ন প্রকার রেজিস্টার ও রেকর্ডপত্র এবং বি.পি. ফরম অনুযায়ী সাধারণ ডায়েরী সংরক্ষণ করিবে।

(২) ইউনিট এ পরামর্শ বহি, পরিদর্শন বহি ও পর্যবেক্ষণ বহি থাকিবে।

১৮। **হেফাজত সংক্রান্ত বিধান**।—এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে—

(১) বিধি ৩ এর অধীন গঠিত ইউনিট কর্তৃক কৃত বা সম্পাদিত সকল কার্যাদি, পুলিশ আইন এবং ফৌজদারী কার্যবিধির বিধানাবলি ও এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন কৃত ও সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) শিল্পাঞ্চল পুলিশের নিকট কোন কার্য বা তদন্ত অনিষ্পন্ন থাকিলে উহা এই বিধিমালার বিধানাবলি অনুসরণে নিষ্পন্ন করিতে হইবে।

মহা-পুলিশ পরিদর্শকের আদেশক্রমে

**এ কে এম শহীদুল হক** বিপিএম, পিপিএম
ইন্সপেক্টর জেনারেল।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd